

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/২৫ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-২৪১-আইন/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র” স্থাপনের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করিবার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের নামে আমদানিতব্য পণ্য, যন্ত্রপাতি, সেবা ও দলিলাদি এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান রাশান কোম্পানী ‘Atomstroyexport’ এর নিয়োগকৃত Sub-Contractor এর প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সরবরাহ বা ঠিকাদারী বিলসমূহের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উৎসে আয়কর হইতে অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তসমূহ

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ সংশ্লিষ্ট আমদানি বিল, প্রকল্প বাস্তবায়নের বিল এবং সরবরাহ বিলসমূহ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে;
- (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প চলাকালীন এই অব্যাহতি কার্যকর থাকিবে;
- (৩) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সহিত সংশ্লিষ্ট নয় এইরূপ কোন আমদানি বিল, ঠিকাদারী বিল এবং সরবরাহ বিলের ক্ষেত্রে উক্ত অব্যাহতি প্রযোজ্য হইবে না; এবং
- (৪) Atomstroyexport কর্তৃক নিয়োজিত বাংলাদেশী নিবাসী Sub-Contractor এর প্রকল্প হইতে অর্জিত আয়ের উপর সাধারণ নিয়মে আয়কর পরিশোধযোগ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ১৩৩৮৩ )

মূল্য : টাকা ৪.০০